

সার্কুলার

কোর্সের শর্ত/অংশ হিসেবে ট্রেনিং সমাপনের জন্য ওএসডি নিয়োগ করে মেডিকেল কলেজ হাসপাতালে সংযুক্তি প্রদানের জন্য প্রায়শই আবেদন পাওয়া যায় এবং কোন কোন ক্ষেত্রে আবেদনকারীদের ওএসডি নিয়োগ করে এসব হাসপাতালে সংযুক্ত করা হয়। এর ফলে সংশ্লিষ্ট কর্মকর্তার ঢাকায় বা বড় শহরে অবস্থানের সুযোগ হলেও অনেকগুলি সমস্যার সৃষ্টি হয়ঃ

১। কোর্সের অংশ হিসেবে ট্রেনিং সম্পন্ন করার জন্য ট্রেনিং পদ রয়েছে (যেমনঃ রেজিষ্ট্রার, সহকারী রেজিষ্ট্রার, ইনডোর মেডিকেল অফিসার, ক্লিনিক্যাল এসিসট্যান্ট)। স্বাস্থ্য অধিদপ্তর কোর্সের ব্যাচ অনুযায়ী এসব পদে কর্মকর্তাদের পদায়ন করে থাকে। এটি বস্তুতঃ মেডিকেল এডুকেশন কার্যক্রমের অংশ। এটি থেকে সম্পূর্ণ পৃথকভাবে শিক্ষার্থীর আবেদনের ভিত্তিতে তাঁকে কোন বিভাগে পদ ছাড়া সংযুক্ত করলে মেডিকেল শিক্ষা কার্যক্রমে অপরিকল্পিত হস্তক্ষেপ ঘটে।

২। কোন হাসপাতালের নির্দিষ্ট একটি বিভাগে প্রশিক্ষণ গ্রহণের জন্য নির্দিষ্ট সংখ্যক সুযোগ থাকে। ফলে সেখানে অতিরিক্ত কর্মকর্তার সংযুক্তি ঐ বিভাগের জন্য বাড়তি সমস্যা সৃষ্টি করে। ওএসডি হিসেবে সংযুক্ত করলে কর্মকর্তার কাজের যেমন সুযোগ থাকেনা, তেমনি তার কোন দায়বদ্ধতা থাকেনা।

৩। এমতাবস্থায়, বর্ণিত অসুবিধাগুলি এড়ানো এবং মূল প্রশিক্ষণের স্বার্থে কোর্সের জন্য প্রশিক্ষণ গ্রহণকারী চিকিৎসকদের প্রশিক্ষণের জন্য নির্ধারিত পদে পদায়ন গ্রহণপূর্বক প্রশিক্ষণ গ্রহণ ব্যতীত সংযুক্তি বা অন্যভাবে কাজ করার অভিজ্ঞতা কোর্সের শর্ত পূরণে প্রশিক্ষণ হিসেবে গণ্য হবে না।

স্বাঃ


(এ কে এম, ফজলুল হক)
উপ-সচিব
ফোন নং ৯৫৪৯১২৮

তারিখ: ২৭ -০৪-২০১৫ ইং

নং-৪৫.১৪৪.০১৯.০০.০০.০০৮.২০১২- ৩৩৫/১ (৩৩)

অনুলিপি সদয় অবগত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। অধ্যক্ষ / পরিচালক,
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক (স্বাস্থ্য),
- ৫। সিভিল সার্জন / তত্ত্বাবধায়ক,
- ৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। তাকে প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানান হলো।
- ১২। ডাঃ
- ১৩। যুগ্ম-সচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(এ কে এম, ফজলুল হক)
উপ-সচিব

ফোন নং ৯৫৪৯১২৮
২৭/০৪/২০১৫